# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ, পরিবার ও দাম্পত্য জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. স্বামীর পায়ের নিচে স্ত্রীর বেহেশত

বহুল প্রচলিত একটি পুস্তকে রয়েছে: ‘‘হযরত (ﷺ) বলিয়াছেন, স্ত্রীগণের বেহেশত স্বামীর পায়ের নিচে।’’[1] এ কথাটি একটি ভিত্তিহীন ও বানোয়াট কথা। কোনো সহীহ, যয়ীফ বা মাউযূ সনদেও এ কথাটি রাসূলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত হয়েছে বলে জানা যায় না। কুরআন ও হাদীসের নির্দেশনা থেকে বুঝা যায় যে, স্বামী-স্ত্রী উভয়ের জান্নাত উভয়ের হাতে। উভয়ের প্রতি উভয়ের দায়িত্ব পালন ও অধিকার আদায়ের মাধ্যমেই আল্লাহর সন্তুষ্টি লাভ সম্ভব।

## ফুটনোট

[1] মাও. গোলাম রহমান, মকছুদোল মো’মেনীন পৃ. ৩২৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন